

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
ফোন: ২২৩৩৫০৬৬৬

তথ্য বিজ্ঞপ্তি নং- ২৫৮/২৪

তারিখ: ৩১ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ
১৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি অ্যান্ড সিইও/সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: জনতা ব্যাংক পিএলসি.-এ 'Prompt Corrective Action (PCA) Unit', 'অবলোপনকৃত ঋণ আদায় ইউনিট' এবং 'ইচ্ছাকৃত খেলাপি ঋণগ্রহীতা শনাক্তকরণ ইউনিট' নামীয় তিনটি ইউনিট গঠন।

মহোদয়,


অর্গানোগ্রাম-সংক্রান্ত তথ্য বিজ্ঞপ্তি নং-২৫২/২৩ তারিখ: ২১.০৫.২০২৩-এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।


আর্থিক খাতের স্থিতিশীলতা ও জনগণের আস্থা সমুন্নত রাখতে কোনো ব্যাংকের আর্থিক অবস্থা খারাপ হওয়ার পূর্বেই যথাযথ পূর্বসতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ, অনাদায়ী ঋণ হিসাব অবলোপন করা এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সর্বোচ্চ গুরুত্ব আরোপ ও কার্যকর উদ্যোগ গ্রহণ এবং ইচ্ছাকৃত খেলাপি ঋণগ্রহীতা শনাক্তকরণ ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিআরপিডি সার্কুলার নং-১৭ তারিখ: ০৫.১২.২০২৩, বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ: ১৮.০২.২০২৪ ও বিআরপিডি সার্কুলার নং-০৬ তারিখ: ১২.০৩.২০২৪ জারি করা হয়।

উপর্যুক্ত সার্কুলারসমূহের মাধ্যমে এ ব্যাংকে 'Prompt Corrective Action (PCA) Unit', 'অবলোপনকৃত ঋণ আদায় ইউনিট' এবং 'ইচ্ছাকৃত খেলাপি ঋণগ্রহীতা শনাক্তকরণ ইউনিট' গঠনের নির্দেশনা প্রদান করা হয়।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসরণ করে ১৯.০৩.২০২৪ তারিখে অনুষ্ঠিত পর্যদের ৮১০তম সভার অনুমোদনক্রমে রিকভারি ডিপার্টমেন্ট-৩-এর নাম পরিবর্তন করে 'অবলোপনকৃত ঋণ আদায় ইউনিট' করা হয়েছে। এছাড়া রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের অধীনে 'Prompt Corrective Action (PCA) Unit' এবং রিকভারি ডিপার্টমেন্ট-১-এর অধীনে 'ইচ্ছাকৃত খেলাপি ঋণগ্রহীতা শনাক্তকরণ ইউনিট' গঠন করা হয়েছে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সকলের জ্ঞাতার্থে এ তথ্য বিজ্ঞপ্তি জারি করা হলো।


২১/০৩/২০২৪
হাবিউন নাহার
উপমহাব্যবস্থাপক


২১/০৩/২০২৪
এ. কে. এম. ফজলুর রহমান
মহাব্যবস্থাপক-ইনচার্জ (এইচআর)